সৌদির দুই শহরে ড্রোন হামলার আশঙ্কায় সতর্কতা জারি



ছবি: সংগৃহীত

সৌদি আরবের দক্ষিণাঞ্চলীয় আভা ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় নাজরান শহরে সম্ভাব্য ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার আশঙ্কায় জরুরি সতর্কতা জারি করা হয়েছে। মঙ্গলবার (২৭ অক্টোবর) দেশটির সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ সাইরেন বাজিয়ে নাগরিকদের নিরাপদ স্থানে আশ্রয় নেওয়ার পরামর্শ দেয়। ন্যাশনাল আর্লি ওয়ার্নিং প্ল্যাটফর্মের মাধ্যমে এ সতর্কবার্তা পাঠানো হয়।

তুরস্কের সংবাদমাধ্যম আনাদোলুর প্রতিবেদনে বলা হয়, ইয়েমেনের সশস্ত্র গোষ্ঠী হুতির সঙ্গে চলমান সংঘাতের মধ্যে সৌদি আরবের বিভিন্ন এলাকায় হামলার আশঙ্কা নিয়ে এর আগেও একাধিকবার সতর্কতা জারি করা হয়েছে। এর ধারাবাহিকতায় আভা ও নাজরান শহরেও নতুন করে নিরাপত্তা সতর্কতা দেওয়া হয়।

তবে সতর্কতা জারির প্রায় আট মিনিটের মধ্যেই নাজরানে তা প্রত্যাহার করা হয়। কিছু সময় পর আভা শহর থেকেও সতর্কতা তুলে নেওয়া হয়।

প্রাথমিক সতর্কবার্তায় সম্ভাব্য হুমকির ধরন সম্পর্কে নির্দিষ্ট করে কিছু জানানো হয়নি। এ বিষয়ে বিস্তারিত তথ্যও প্রকাশ করেনি কর্তৃপক্ষ।